একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGALADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র
নবীনগর, সাভার, ঢাকা।
টেলিফোন নং-০২-৭৭৯১৮৬৬
ই-মেইলঃ ddttc64@yahoo.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২৯.৫০.৯০১.২১.৫৮৪ তারিখঃ ২৪ শে চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ / ০৭ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,

নারায়নগঞ্জ পবিস-১/২, ঢাকা পবিস-১/২, দিনাজপুর পবিস-১/২, নাটোর পবিস-১/২, রংপুর-পবিস-১/২ ,ময়মনসিংহ পবিস-১/৩, গাইবান্ধা পবিস, সাতক্ষীরা পবিস, টাঙ্গাইল পবিস, রাজশাহী পবিস, নওগাঁ পবিস-১, ঠাকুরগাঁও পবিস, নরসিংদী পবিস-১, যশোর পবিস-২, মাদারীপুর পবিস, চট্টগ্রাম পবিস-৩, বগুড়া পবিস-১, পাবনা পবিস-২ ,গাজীপুর পবিস-১, মুন্সিগঞ্জ পবিস।

**বিষয়ঃ শিক্ষানবিশ লাইনম্যান পদে নিয়োগের লক্ষ্যে প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীগণের প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

সুত্রঃ ১। ২৭.১২.০০০০.১১০.৫১.০১২.২৪.৭৪৮; তারিখঃ ২৭/০৩/২০২৫ খ্রিঃ|

আগামী ১৬/০৪/২০২৫ খ্রিঃ হতে ২০/০৫/২০২৫ খ্রিঃ পর্যন্ত মেয়াদে ২৮ কার্যদিবস ব্যাপী সূত্র-১ এ বর্ণিত ফলাফল মোতাবেক লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৭৬৪ জন শিক্ষানবিশ লাইনম্যান পদের প্রার্থীগণের অনুকুলে "বাপবিবো, পবিস এবং পবিস বিতরণ ব্যবস্থার সহিত পরিচিতি (টিএল-০১০)" শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন এর জন্য প্রার্থীর তালিকা এবং ভেন্যু (পবিস) নির্ধারণ করা হয়েছে (সংযুক্তঃ পরিশিষ্ট-ক)। উক্ত প্রশিক্ষণ কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলোঃ

১। সুত্র-১ মোতাবেক শিক্ষানবিশ লাইনম্যান পদের নির্বাচনী পরীক্ষার ফলাফল অনুযায়ী নির্ধারিত মেধাভিত্তিক তালিকায় থাকা প্রার্থীগণের বায়োডাটায় উল্লেখিত ঠিকানায় প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য রেজিস্টার ডাকযোগে প্রশিক্ষণ আয়োজনকারী পবিস কর্তৃক পত্র (নমুনা সংযুক্ত-পরিশিষ্ট-খ) প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে। এছাড়া ও আয়োজনকারী পবিস কর্তৃক প্রার্থীর বায়োডাটায় উল্লেখিত মোবাইল ফোনে এসএমএস প্রেরণসহ মোবাইল ফোনের মাধ্যমে সরাসরি যোগাযোগ করতঃ প্রার্থীগণকে অবহিত করতে হবে। **<u>উল্লেখ্য, বায়োডাটা সমূহ সংযুক্ত পরিশিষ্ট "ছ" এ উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশ্লিষ্ট জেলা ভিত্তিক পবিস সমূহ হতে সংগ্রহ করতে হবে।</u>**

২। প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য পবিস কর্তৃক এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম)-কে কোর্স কো-অর্ডিনেটর নিযুক্ত করতে হবে।

৩। প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক নমুনা সিডিউল মোতাবেক প্রশিক্ষণ কোর্সের চূড়ান্ত সিডিউল প্রস্তুত করতে হবে (নমুনা সংযুক্ত-পরিশিষ্ট-গ)। সিডিউল প্রস্তুতকালে ক্লাইম্বিং, রশি-নট/স্পাইসিস সংক্রান্ত ক্লাসগুলো এলটি/লাইনম্যান গ্রেড-১ দের দ্বারা গ্রহণের জন্য তাদের নাম সিডিউল এ অন্তর্ভুক্ত করতে হবে।

৪। আগামী ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীগণের নিকট হতে যথাযথভাবে পূরণকৃত Personal Data Sheet (পরিশিষ্ট-ঘ) সংগ্রহপূর্বক উহার তথ্যাদি পরিশিষ্ট-ঙ এর নির্দেশিকা মোতাবেক Excel sheet ফরমেটে যথাযথভাবে পুরণকরতঃ টেবিল প্রস্তুত করতে হবে। **উক্ত টেবিলের ক্রম অনুযায়ী Personal Data Sheet গুলো সাজিয়ে** টেবিল এবং Personal Data Sheet উভয়ই সিনিয়র জিএম/জিএম কর্তৃক প্রত্যয়নপূর্বক আগামী ২০/০৪/২০২৫ খ্রি. তারিখে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে প্রশিক্ষণ পরিদপ্তর, প্রশিক্ষণ একাডেমী ভবন, অষ্টম তলা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-এ প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, টেবিলটির (Excel sheet ফরমেটে) সফট কপিটি অবশ্যই ই-মেইলঃ ddttc64@yahoo.com এ পাঠাতে হবে।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের ফলাফলের (সূত্র নং-১) সাথে প্রশিক্ষণে অংশগ্রহণকারী ভেন্যু ভিত্তিক প্রার্থীগণের রোল নং- যাচাই, প্রার্থীগণের বায়োডাটায় রক্ষিত ছবির সাথে প্রার্থীর চেহারা যাচাই, প্রশিক্ষণ সিডিউল, মধ্যবর্তীকালীন পরীক্ষা গ্রহণ প্রশিক্ষণ পরিদপ্তরের প্রতিনিধি/ প্রশিক্ষণ পরিদপ্তরের মনোনীত প্রতিনিধি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ডিজিএম (কারিগরী) কর্তৃক সম্পন্ন করতে হবে।

৬। আগামী ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখে প্রশিক্ষণ কোর্স শুরু করা হবে এবং ২০/০৫/২০২৫ খ্রি. তারিখে সমাপ্ত হবে। প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের উপস্থিত থাকবেন।

**<u>উপস্থিতিঃ স্ব-শরীরে বাপবিবো বোর্ড রুমে-</u>**

ক) প্রধান অতিথি : বাপবিবোর্ডের চেয়ারম্যান মহোদয়।

খ) বিশেষ অতিথি : সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (ডিএন্ডও), সদস্য (পিএন্ডডি) সদস্য (সমিতি ব্যবস্থাপনা)।

গ) পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর বাপবিবো, ঢাকা/ উপ-পরিচালক, টিটিসি সাভার।

**ZOOM Cloud এর মাধ্যমে স্ব-স্ব পবিস থেকে সংযুক্ত থাকবেন:**

ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংশ্লিষ্ট জোন)- নিকটবর্তী পবিসে অবস্থান করবেন।

ঙ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী (এসওডি/এসপিডি)- নিকটবর্তী পবিসে অবস্থান করবেন।

চ) স্ব-স্ব পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার।

ছ) কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়কারী।

জ) শিক্ষানবিশ লাইনম্যান পদে নিয়োগের লক্ষ্যে প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীগণ।

৭। মধ্যবর্তী কোর্স পর্যালোচনা ও পরীক্ষা এবং চূড়ান্ত পরীক্ষা (তাত্ত্বিক ও ব্যবহারিক), প্রশিক্ষণ পরিদপ্তরের প্রতিনিধি/ প্রশিক্ষণ পরিদপ্তরের কর্তৃক মনোনীত প্রতিনিধি, প্রযোজ্য ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীর প্রতিনিধি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ডিজিএম (কারিগরী) কর্তৃক সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, চূড়ান্ত তাত্ত্বিক পরীক্ষার প্রশ্নপত্র প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রণীত হবে এবং চূড়ান্ত তাত্ত্বিক পরীক্ষা গ্রহণের ০৩ (তিন) কার্যদিবস পূর্বে প্রশিক্ষণ পরিদপ্তরের প্রতিনিধি/প্রশিক্ষণ পরিদপ্তরের কর্তৃক মনোনীত প্রতিনিধি সিলগালা অবস্থায় প্রশ্নপত্রসহ ভেন্যু সংশ্লিষ্ট পবিসে গমন করবেন।

৮। চূড়ান্ত (তাত্ত্বিক ও ব্যবহারিক) পরীক্ষা গ্রহণ শেষে টেবুলেশন শীট, এক্সেল ফরমেটে (নমুনা সংযুক্ত-পরিশিষ্ট-চ) সফট কপি কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র-এর ই-মেইলঃ ddttc64@yahoo.com এ পাঠাবেন এবং স্বাক্ষরিত টেবুলেশন সীট এর হার্ডকপি, তাত্ত্বিক পরীক্ষার উত্তরপত্র, অব্যবহৃত প্রশ্ন পত্র, প্রশ্নোত্তর এর কপি ও প্রশিক্ষণার্থীদের হাজিরা সীট পবিস এর লগোযুক্ত খামে প্রশিক্ষণ পরিদপ্তরের প্রনিনিধির নিকট হস্তান্তর করতে হবে। প্রশিক্ষণ পরিদপ্তরের প্রনিনিধি আগামী ২১/০৫/২০২৫ খ্রি. তারিখে বাপবিবোর্ড সদর দপ্তরে প্রত্যাবর্তন পূর্বক অবিলম্বে প্রশিক্ষণ পরিদপ্তর, প্রশিক্ষণ একাডেমী ভবন, অষ্টম তলা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-এ জমা প্রদান করবেন।

৯। প্রার্থীগণের থাকা ও খাওয়ার জন্য উপযুক্ত বাসস্থান এর ব্যবস্থা পবিস কর্তৃক করতে হবে। তবে থাকা ও খাওয়ার ব্যয়ভার প্রার্থী নিজে বহন করবেন।

১০। আয়োজনকারী পবিস কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক লাইনম্যান পর্ব-১ ম্যানুয়াল, ম্যাটেরিয়াল আইডেন্টিফিকেশন ও পবিস নির্দেশিকা ১০০-২৮ ম্যানুয়াল প্রশিক্ষণার্থীদের সরবরাহের ব্যবস্থা করবেন।

১১। প্রয়োজনীয় সংখ্যক লাইনম্যান ক্লাইম্বিং টুলস, হ্যান্ড লাইন ও রশির ব্যবস্থা করবেন।

১২। ক্লাইম্বিং অনুশীলনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কাঠের খুঁটি এবং এসপিসি খুঁটি স্থাপনের ব্যবস্থা করবেন।

১৩। পবিস নির্দেশিকা ৩০০-০৮ মোতাবেক প্রশিক্ষণ শেষে অব্যাহতি প্রদানের পূর্বেই প্রার্থীদের দৈনিক ভাতা ৪০০/-(চারশত) টাকা হারে ৩৩ দিনের জন্য জনপ্রতি ১৩,২০০/-(তের হাজার দুইশত) টাকা নগদ প্রদান করবেন। প্রার্থীদের জনপ্রতি ভাতা ১৩,২০০/-(তের হাজার দুইশত) টাকা এবং নির্ধারিত কোর্স ফি বাবদ জনপ্রতি ১৫,০০০/-(পনের হাজার) টাকা মোট ২৮,২০০/- (আটাশ হাজার দুইশত) টাকা পরবর্তীতে পদায়নকৃত পবিস থেকে সমন্বয় করা হবে। তবে অনুত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রশিক্ষণ ব্যয় ৮০টি পবিস হতে আনুপাতিক হারে সমন্বয় করা হবে।

প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত অন্য কোন তথ্য জানার প্রয়োজন হলে উপ-পরিচালক, সাভার কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (০১৭১১৩১৭৮৪৪) এবং সহকারী প্রকৌশলী (০১৭৩৮২৩২৯৪২), কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, সাভারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

০৮/০৪/২৫

(আঃ লতিফ সরদার)
পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর

**অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান প্রকৌশলী, (প্রকল্প/পওপ)/ নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিঃ ও ব্যাঃ পরিঃ (কেঃ অঃ/উঃ অঃ/দঃ অঃ/ পূঃ অঃ/ পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর)/ঢাকা জোন (দক্ষিণ)/ময়মনসিংহ জোন/রাজশাহী জোন/বগুড়া জোন/রংপুর জোন/খুলনা জোন/ফরিদপুর জোন/বরিশাল জোন/সিলেট জোন/কুমিল্লা জোন/চট্টগ্রাম জোন।
৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি/এসপিডি) (সকল), বাপবিবো।
৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৭। উপ-পরিচালক, পিএন্ডআর, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৮। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/ডিএন্ডও/পিএন্ডডি/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

০৮/০৪/২৫

(সাদিকুল জামান খান)
উপ-পরিচালক (কারিগরী)